"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র
নীলফামারী।
daic.nilphamari@gmail.com

স্মারক নং-৩৩.০১.০০০০.৬৫১.০৬.০০১.২৫- ১৬১

তারিখঃ ৩০/০৯/২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী এর স্মারক নং-৩৩.০১.৭৩০০.০০০.১৮.০০২.২৫-৭৬৯; তারিখঃ২৫/০৯/২৫ খ্রিঃ মোতাবেক।

নীলফামারী জেলার ডিমলা উপজেলার ৩নং ডিমলা সদর ইউনিয়ন পরিষদ এ নতুন কৃত্রিম প্রজনন পয়েন্ট চালুকরণের লক্ষ্যেএকজন এআই টেকনিশিয়ান (অওএঃ)/ স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে।উক্ত নিয়োগে কোনোরুপ বেতন/ভাতা প্রদান করা হবে না।তবে প্রাণিসম্পদ অধিদপ্তর নির্ধারিত নিয়মাবলী ও শর্তাবলী মেনে চলতে ইচ্ছুক এবং স্বেচ্ছাশ্রমে কাজ করতে আগ্রহী ব্যক্তিকে নাম,পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ,বৈবাহিক অবস্থা, শিক্ষগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা,০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ইত্যাদি তথ্য সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের "জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সভাপতি, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি, নীলফামারী" বরাবর আগামী ০৫/১০/২৫ খ্রিঃ হতে ১৫/১০/২৫ খ্রিঃ অফিস কালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী দপ্তর অথবা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ডিমলা, নীলফামারীতে প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়িত করে আবেদনজমাদানের জন্য অনুরোধ করা হল।

আবেদনের যোগ্যতাঃ

১। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। আবেদনকারীর বয়স ১৮ হতে ৪৫বছর হতে হবে।
৩। পুরুষ বা নারী উভয়েই আবেদন করতে পারবে।
৪।শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এসএসসি/সমমান হতে হবে।
৫।প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস/যুব উন্নয়ন অধিদপ্তর/অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা/ লালন পালন কাজে অভিজ্ঞতার সনদধারী প্রার্থীদের আগ্রাধিকার দেয়া হবে।
৬। অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের আবেদন করার প্রয়োজন নেই।

30.09.2025

(ডা. কাজী মাহবুবুর রহমান)
উপপরিচালক
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র
ও সদস্য সচিব, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি
নীলফামারী।
মোবাইল নং-০১৩২৪২৮৯১৫১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ(বহুল প্রচারের অনুরোধ সহ)
১। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সভাপতি, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি, নীলফামারী।
৩।জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি, নীলফামারী।
৪।উপজেলা প্রাণিসম্পদ কর্মকতা, ডিমলা ও সদস্য, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি, নীলফামারী।
৫।ভেটেরিনারি সার্জন, ডিমলা ও সদস্য, এআই টেকনিশিয়ান নির্বাচন কমিটি, নীলফামারী।
৬।অফিস কপি।